দৈনিক বাংলা

02 DEC 1991
তারিখ 02 DEC 1991
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৫...

# শিক্ষা প্রতিষ্ঠান আজ অস্ত্রাগারে পরিণত হয়েছে ঃ মিজান চৌধুরী

নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা, ১ ডিসেম্বর।– নয় মাসের শাসনে দেশের অর্থনীতি চরম বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। অপর দিকে পাট ও আখসহ কৃষি পণ্যের মূল্য নেই। জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও সাবেক প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী আজ গাইবান্ধা পাবলিক লাইব্রেরী ময়দানে এক জনসভায় ভাষণদানকালে

(৭–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ

## মিজান চৌধুরী

(প্রথম পৃঃ পর)

একথা বলেন।

তিনি বলেন, বর্তমান সরকারের আমলে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবণতি এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো অস্ত্রাগারে পরিণত হয়েছে। এই অবস্থা চললে ১০ বছর পর দেশে কোন বৈজ্ঞানিক প্রকৌশলী ডাক্তারসহ পেশাভিত্তিক মেধা আর তৈরী হবে না। তিনি বলেন, জাতীয় পার্টি সন্ত্রাসের রাজনীতিতে বিশ্বাস করে না। তিনি বিএনপি ও আওয়ামী লীগকে তাদের ছাত্র সংগঠনের অস্ত্রের মহড়া বন্ধ করার আহবান জানান। তিনি সাবেক প্রেসিডেন্ট এরশাদের বিরুদ্ধে আনীত মামলা প্রত্যাহারের দাবী জানান। অন্যথায় দুর্বার গণআন্দোলনের মাধ্যমে তাকে মুক্ত করা হবে বলে তিনি ঘোষণা করেন।

জাতীয় পার্টির সাধারণ সম্পাদক শাহ মোয়াজ্জেম হোসেন বলেন, দেশে এখন গণতন্ত্রের নামে 'বর্গী অস্ত্র' চলছে। দেশে উন্নয়ন কর্মকান্ড বন্ধ হয়ে গেছে। তিনি উপজেলা পরিষদ বাতিলের তীব্র নিন্দা ও জাতীয় পার্টির নেতা ও কর্মীদের হয়রানি বন্ধের দাবী জানান।

সভায় সভাপতিত্ব করেন সংসদ সদস্য হাফিজুর রহমান প্রামানিক। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সাবেক প্রতিমন্ত্রী সংসদ সদস্য ফজলে রাব্বী, সংসদ সদস্য আবদুর রশিদ সরকার, জাতীয় মহিলা পার্টির সভানেত্রী আমেনা বারী।